

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৯/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন  
পিতা-মরহুম মো: সফিউদ্দিন  
ই-৩৪, র্যাভ-২ এর পশ্চিম পার্শে  
আগারগাঁও, ঢাকা-১০২৭।

প্রতিপক্ষ : মাহবুবা বিলকিস  
সিনিয়র সহকারী সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ২৬-০১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- গত ১০-০৯-২০১৩ তারিখের পেশকৃত আবেদনে উল্লিখিত ০৯ টি সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি-  
(১০-০৯-২০১৩ তারিখের পেশকৃত আবেদনে উল্লিখিত ০৯ টি সুপারিশঃ
- ১। মিসিসিপি নদী শাসনের অনুকরণে বাংলাদেশের নদীগুলো শাসন করার লক্ষ্যে মিসিসিপি নদী শাসন কর্তৃপক্ষের সহযোগিতা নিয়ে যৌথ উদ্যোগ গ্রহণ।
- ২। বর্ধিত মহাপরিকল্পনার জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে জাতিসংঘ, আন্তর্জাতিক সংস্থাসমূহ প্রবাসি ও অনাবাসি বাংলাদেশিদের নিকট হতেও অর্থ সংগ্রহকরণ।
- ৩। শহর রক্ষা বাঁধ, বেড়ীবাঁধ, নদীর পাড় নিয়মিত মেরামত রক্ষণাবেক্ষণ ও মাসিক মনিটরিং রিপোর্ট পেশ করণ।
- ৪। নদীর পাড়ে যথা সময়ে ব্লক স্থাপন ও নিয়মিত পর্যবেক্ষণ।
- ৫। নদী খনন জোরদার করণ ও অপরিষ্কৃতভাবে নদী হতে বালু উত্তোলন বন্ধ করণ।
- ৬। ভুক্তভোগী জনগনের নিকট হতে পরামর্শ ও সুপারিশ গ্রহণ।
- ৭। নদীর পানি কমে গেলে নদীর পাড় ভাঙ্গা বন্ধ করনের লক্ষ্যে অত্যাধুনিক কৌশল অবলম্বন করণ।
- ৮। কংক্রিটের চাদরের পরিবর্তে র্যাবার ড্যাম এর উন্নত মানের রাবারের দ্বারা চাদর তৈরী করে নদীর পাড়ে উক্ত চাদর বিছিয়ে দিয়ে নদীর ভিতরে চাদরের শেষভাগে প্রয়োজনীয় সংখ্যক ব্লক স্থাপন করা যেতে পারে। এতে খরচ কম হবে ও পরিবহন সহজ হবে।
- ৯। চট্টগ্রাম ও মংলা বন্দর কর্তৃপক্ষ তাদের আওতাধীন নদীগুলোর ভাঙন রোধের জন্য বর্ধিত ব্যবস্থা গ্রহণ করতে পারে।)

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-০৫-২০১৪ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ও প্রতিপক্ষ পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মাহবুবা বিলকিস হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে ইতোমধ্যে তথ্য সরবরাহ করা হয়েছে। শুনানীকালে অভিযোগকারী তার যাচিত তথ্য পেয়েছেন বলে জানান।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করায় এবং অভিযোগকারী তথ্য পাওয়ায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়েছে, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার